# NYC'র নতুন তামাক আইন আপনার জন্য প্রযোজ্য হবে যদি আপনি ...

- ☐ ওষুধের দোকান রয়েছে
- ☐ বিক্রি করেন বা করার পরিকল্পনা করছেন এমন *যে কোন* তামাকজাত দ্রব্য
- ☐ বৈদ্যুতিন সিগারেট বিক্রি করেন

উপভোক্তা বিষয়ক বিভাগ (Department of Consumer Affairs, DCA) আপনার ব্যবসাকে এই আইন কীভাবে প্রভাবিত করতে পারে তা বুঝতে সাহায্য করার জন্য এই রূপরেখা তৈরি করেছে।

আরও তথ্যের জন্য, DCA'র ওয়েবসাইট **nyc.gov/dca**-তে যান।

NYC Consumer Affairs

বাংলা | Bengali

## আপনার যা জানার প্রয়োজন যদি আপনি

# ওষুধের দোকান থাকে

NYC আইন অনুসারে ওষুধের দোকানগুলি ও ওষুধ বিক্রেতা ব্যবসাগুলি সিটিতে তামাকজাত দ্রব্য ও বৈদ্যুতিন সিগারেট বিক্রির লাইসেন্স পাওয়া থেকে নিষিদ্ধ। অগাস্ট 28, 2017 থেকে DCA আর ওষুধের দোকানগুলির থেকে *নতুন* খুচরো সিগারেট ডিলার (Cigarette Retail Dealer) লাইসেন্সের আবেদন গ্রহণ করে না। ওষুধের দোকানগুলি খুচরো তামাকের ডিলার (Tobacco Retail Dealer) অথবা খুচরো বৈদ্যুতিন সিগারেট ডিলার (Electronic Cigarette Retail Dealer) লাইসেন্সের আবেদন করার যোগ্য নয়। DCA সেইসব ব্যবসাগুলির আবেদন প্রত্যাখ্যান করবে যেগুলি ওষুধ বিক্রির জন্য নির্ধারিত অথবা যেসব ব্যবসা ওষুধ বিক্রির সঙ্গে যুক্ত। DCA যদি জানতে পারে যে কোন ওষুধের দোকান বেআইনিভাবে লাইসেন্স পেয়েছে, তাহলে DCA সেই লাইসেন্স প্রত্যাহার করে নেবে।

### *যাবতীয় ওষুধের দোকানের প্রধান তারিখগুলি*

✓ **অগাস্ট 23, 2018:** বৈদ্যুতিন সিগারেটের উপর নিষেধাজ্ঞা কার্যকর হবে। NYC তে ওষুধ বিক্রির জন্য নির্ধারিত কোন ব্যবসা অথবা ব্যবসা ওষুধ বিক্রির সঙ্গে যুক্ত, তারা যদি বৈদ্যুতিন সিগারেট বিক্রি করে তাহলে তা বেআইনি।

✓ **জানুয়ারী 1, 2019:** তামাকের উপর নিষেধাজ্ঞা কার্যকর হবে। NYC তে ওষুধ বিক্রির জন্য নির্ধারিত কোন ব্যবসা অথবা ব্যবসা ওষুধ বিক্রির সঙ্গে যুক্ত, তারা যদি সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্য বিক্রি করে তাহলে তা বেআইনি। আপনার বৈধ নিউইয়র্ক স্টেট টোব্যাকো রেজিস্ট্রেশন (New York State Tobacco Registration) আছে কিনা সেটা কোন ব্যাপার নয়।

### *বর্তমান খুচরো সিগারেট বিক্রির লাইসেন্স সহ ওষুধের দোকানগুলির জন্য প্রধান তারিখগুলি*

✓ **ডিসেম্বর 31, 2017:** বিজোড়-বছরের লাইসেন্সগুলির মেয়াদ ফুরোনোর তারিখ। আপনি এক (1) বছরের জন্য লাইসেন্স পুনর্নবীকরণ করতে পারেন। আপনার লাইসেন্স পুনর্নবীকরণের প্যাকেজে বিস্তারিত বলা থাকবে। পুনর্নবীকরণের ফি হল $55 বা $100, যা আপনি কখন পুনর্নবীকরণ করাচ্ছেন তার উপর নির্ভর করবে।

✓ **ফেব্রুয়ারী 23, 2018:** আপনার খুচরো সিগারেট ডিলার লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার তারিখ।

✓ **ফেব্রুয়ারি 24, 2018:** আপনার খুচরো সিগারেট ডিলার (Cigarette Retail Dealer) লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে একটি খুচরো তামাকের ডিলার (Tobacco Retail Dealer) লাইসেন্সে পরিণত হবে। আপনার লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার আগে, আপনি আপনার **নতুন তামাক বিক্রেতা লাইসেন্সের নথিপত্র পেয়ে যাবেন, যা আপনার পোস্ট করা আবশ্যক**।

✓ **ফেব্রুয়ারি 28, 2018:** আপনি এই তারিখে বা তার আগে আপনার পুনর্নবীকরণের আবেদন জমা না দিলে আপনি আপনার বর্তমান লাইসেন্স পুনর্নবীকরণ করতে পারবেন না এবং **নতুন লাইসেন্সের আবেদন করতে পারবেন না**।

✓ **ডিসেম্বর 31, 2018:** NYC তে সিগারেট অথবা তামাকজাত দ্রব্য বিক্রি করার জন্য আপনার লাইসেন্সের মেয়াদ পাকাপাকিভাবে শেষ হওয়ার তারিখ।

আপনার যা জানার প্রয়োজন যদি আপনি

# বিক্রি করেন বা করার পরিকল্পনা করছেন *কোন* তামাকজাত দ্রব্য

## যদি আপনার বর্তমান খুচরো সিগারেট ডিলার লাইসেন্স (Cigarette Retail Dealer License) (ওষুধের দোকান ছাড়া (Non-Pharmacy)) থাকে

### *লাইসেন্স প্রাপকদের প্রধান তারিখগুলি*

✓ **ডিসেম্বর 31, 2017:** বিজোড়-বছরের লাইসেন্সগুলির মেয়াদ ফুরোনোর তারিখ। আপনি এই লাইসেন্স পুনর্নবীকরণ করতে পারেন, যার মেয়াদ ফেব্রুয়ারি 23, 2018-এ শেষ হবে। আপনার লাইসেন্স পুনর্নবীকরণের প্যাকেজে বিস্তারিত বলা থাকবে। পুনর্নবীকরণের ফি হল $ 110 বা $ 200, যা আপনি কখন পুনর্নবীকরণ করাচ্ছেন তার উপর নির্ভর করবে।

✓ **ফেব্রুয়ারী 23, 2018:** আপনার খুচরো সিগারেট ডিলার লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার তারিখ।

✓ **ফেব্রুয়ারি 24, 2018:**

- আপনার খুচরা সিগারেট ডিলার (Cigarette Retail Dealer) লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে একটি খুচরা তামাকের ডিলার (Tobacco Retail Dealer) লাইসেন্সে পরিণত হবে। আপনার লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার আগে, আপনি আপনার **নতুন তামাক বিক্রেতা লাইসেন্সের নথিপত্র পেয়ে যাবেন, যা আপনার পোস্ট করা আবশ্যক**। এই নতুন লাইসেন্স উপযুক্ত পূর্ণ-মেয়াদের শেষ হওয়ার তারিখ প্রদর্শিত করবে।
- **খুচরো তামাকের ডিলারদের সীমা কার্যকর হবে। কমিউনিটি ডিস্ট্রিক্ট সীমাসমূহ (Community District Caps) অংশটি দেখুন।**

✓ **ফেব্রুয়ারি 28, 2018:** আপনি এই তারিখে বা তার আগে আপনার পুনর্নবীকরণের আবেদন করতে ব্যর্থ হলে আপনি আপনার বর্তমান লাইসেন্স পুনর্নবীকরণ করতে পারবেন না, এবং **আপনি একটি নতুন খুচরো তামাকের ডিলার লাইসেন্সের জন্য আবেদন করতে পারবেন না যতদিন না আপনার কমিউনিটি ডিস্ট্রিক্ট-এ লাইসেন্সগুলি উপলব্ধ হচ্ছে।**

## আপনার যদি *না থাকে* একটি বর্তমান খুচরো সিগারেট ডিলার লাইসেন্স (Cigarette Retail Dealer License) (ওষুধের দোকান ছাড়া (Non-Pharmacy))

**DCA জোর দিয়ে বলতে চায় যে আপনি অবিলম্বে একটি খুচরো সিগারেট ডিলার লাইসেন্সের আবেদন পূরণ করে জমা দিন। একটি "পূরণ করা আবেদন"-এর মধ্যে যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র ও তথ্য অন্তর্ভুক্ত। nyc.gov/dca-তে অনলাইনে, 311 নম্বরে ফোন করে, অথবা সশরীরে DCA লাইসেন্সিং সেন্টার (DCA Licensing Center) বা NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্রে (NYC Small Business Support Center) আপনি আবেদনপত্র পেতে পারেন।**

আপনি একটি খুচরো সিগারেট ডিলার লাইসেন্স প্রাপ্ত না করলে আপনি ফেব্রুয়ারি 24, 2018-এর পর তামাক বিক্রি করতে কোন খুচরো তামাকের ডিলার লাইসেন্স পাবেন না, যে সময় থেকে খুচরো তামাকের ডিলারদের জন্য কমিউনিটি ডিস্ট্রিক্ট সীমা কার্যকর হবে। আগামী ফেব্রুয়ারী 24, 2018 থেকে NYC তে খুচরো তামাকের ডিলার লাইসেন্স ছাড়া কোন তামাজাত দ্রব্য, যেমন সিগারেট, চুরুট, চিবোনোর তামাক, পাইপের তামাক, নিজে পাকিয়ে নেওয়ার তামাক, খৈনি, বিড়ি, নস্যি, হুঁকোর তামাক বা গুলে যাওয়া তামাক, বিক্রি বেআইনি হয়ে যাচ্ছে। **নীচের প্রধান তারিখগুলি সম্পর্কে সতর্ক হন, নতুবা আপনার খুচরো তামাকের ডিলার লাইসেন্স না পাবার ঝুঁকি থেকে যাবে।**

### *আবেদনকারীদের জন্য প্রধান তারিখগুলি*

✓ **জানুয়ারি 12, 2018:**

- DCA সশরীরে করা কোন অসম্পূর্ণ আবেদন গ্রহণ করবে না।
- ***আপনি আর অনলাইনেও আবেদন জমা দিতে পারবেন না।***
- খুচরো তামাকের ডিলার লাইসেন্সের সংখ্যার সীমা ফেব্রুয়ারি 24, 2018 থেকে কার্যকর হচ্ছে। আপনাকে জানুয়ারি 12, 2018'র মধ্যে আপনার আবেদন জমা দেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। DCA যে ক্রমে পাওয়া গেছে সেই ক্রমে **সম্পূর্ণ আবেদনগুলি** পর্যালোচনা করবে।

✓ **ফেব্রুয়ারি 24, 2018:**

- DCA আর খুচরো সিগারেট ডিলার লাইসেন্সের জন্য আবেদন গ্রহণ করবে না।
- DCA এই তারিখের মধ্যে কোন লাইসেন্স জারি না করে থাকলে আপনি খুচরো তামাকের ডিলার লাইসেন্স পাবেন না।
- খুচরো তামাকের ডিলার লাইসেন্স ছাড়া NYC তে তামাকজাত দ্রব্য বিক্রি করা বেআইনি।

### আপনার যা জানার প্রয়োজন যদি আপনি

# বৈদ্যুতিন সিগারেট বিক্রি করেন

অগাস্ট 23, 2018 তারিখ থেকে NYC তে বৈদ্যুতিন সিগারেট বিক্রি করা যাবতীয় দোকানের খুচরো বৈদ্যুতিন সিগারেট ডিলার (Electronic Cigarette Retail Dealer) লাইসেন্স থাকা আবশ্যক। লাইসেন্সের মেয়াদ দুই (2) বছরের। লাইসেন্স ফি হল $200. **খুচরো বৈদ্যুতিন সিগারেট ডিলার লাইসেন্স পেতে আপনাকে অবশ্যই প্রত্যায়ন করতে হবে যে আপনি অগাস্ট 28, 2017** বা তার আগে বৈদ্যুতিন সিগারেট বিক্রি করছিলেন। আপনাকে এই তারিখ অবধি বিক্রির প্রমাণ জমা দিতে হতে পারে।

21 বছরের কমবয়সী কাউকে বৈদ্যুতিন সিগারেট অথবা তরল নিকোটিন বিক্রি করা বেআইনি। শাস্তি:

- আপনি 21 বছরের কমবয়সী কাউকে বৈদ্যুতিন সিগারেট বিক্রি করলে অথবা তিনবছরের সময়কালে কাউকে দ্বিতীয়বার বৈদ্যুতিন সিগারেট সরবরাহ করলে আপনার খুচরো বৈদ্যুতিন সিগারেট ডিলার লাইসেন্স প্রত্যাহার করে নেওয়া হবে।
- যে সব ব্যবসা DCA লাইসেন্স ছাড়া বৈদ্যুতিন সিগারেট বিক্রি করবে তাদের পরিদর্শনের দিন থেকে শুনানির দিন অবধি দিনপ্রতি $100 জরিমানা করা হবে।

### *আবেদনকারীদের প্রধান তারিখগুলি (আবেদন করতে অগাস্ট 28, 2017 তারিখে বা তার আগে বৈদ্যুতিন সিগারেট বিক্রি করতে থাকা আবশ্যক)*

✓ **জানুয়ারী 25, 2018 থেকে এপ্রিল 25, 2018:** প্রারম্ভিক আবেদনের সময়কাল। DCA জানুয়ারি 25, 2018 থেকে আবেদন গ্রহণ করতে শুরু করবে। DCA এপ্রিল 25, 2018-এ আবেদন গ্রহণ করা বন্ধ করবে।

✓ **জানুয়ারি 25, 2018:** ক্রেতাদের কাছে বৈদ্যুতিন সিগারেট সরবরাহ করা বেআইনি। আপনি কেবল আপনার দোকান থেকেই বৈদ্যুতিন সিগারেট বিক্রি করতে পারবেন।

✓ **অগাস্ট 23, 2018:** NYC তে খুচরো বৈদ্যুতিন সিগারেট ডিলার লাইসেন্স ছাড়া বৈদ্যুতিন সিগারেট বিক্রি বেআইনি। নতুন আবেদনকারীদের কমিউনিটি ডিস্ট্রিক্ট সীমা মেনে চলতে হবে (পরের পৃষ্ঠায় দেখুন)।

✓ **নভেম্বর 30, 2019:** প্রারম্ভিক আবেদনের সময়কালে ইস্যু করা লাইসেন্সগুলির জন্য মেয়াদ শেষ হওয়ার তারিখ। 2019-এ যা স্থায়ী অবস্থায় রয়েছে এমন সকল সক্রিয় লাইসেন্সধারক এই সীমা ব্যতিরেকে একটি করে পুনর্নবীকরণ প্যাকেজ পাবেন। এই লাইসেন্সের মেয়াদ বিজোড় বছরগুলির নভেম্বর 30 তারিখে শেষ হবে।

**পরবর্তী পৃষ্ঠায়** কমিউনিটি ডিস্ট্রিক্ট সীমাসমূহ >

## কমিউনিটি ডিস্ট্রিক্টের সীমাসমূহ (Community District Caps)

DCA, নিউইয়র্ক সিটি চার্টার-এর 69 তম অধ্যায়ের অধীনে প্রতিষ্ঠিত প্রতিটি কমিউনিটি ডিস্ট্রিক্টের খুচরো তামাকের ডিলার (Tobacco Retail Dealer) ও খুচরো বৈদ্যুতিন সিগারেট ডিলার (Electronic Cigarette Retail Dealer) লাইসেন্সের সংখ্যাসীমিত করবে। এই বিধিনিষেধগুলি হল:

- ফেব্রুয়ারি 24, 2018-তে খুচরো তামাকের ডিলারের সক্রিয় লাইসেন্সের সংখ্যা 50% হবে
- প্রাথমিক আবেদনকালের পর বৈদ্যুতিন সিগারেটের খুচরো বিক্রেতাদের জন্য 50% লাইসেন্স ইস্যু করা হবে

একবার এই সীমা স্থির করা হয়ে গেলে:

- DCA কোনো কমিউনিটি ডিস্ট্রিক্টে খুচরো বৈদ্যুতিন সিগারেট ডিলার অথবা খুচরো তামাকের ডিলার লাইসেন্সের জন্য আবেদন ততক্ষণ অবধি ***গ্রহণ করবে না*** যতক্ষণ না তা ঐ শ্রেণীর সীমার নীচে হয়।
- এই সীমা নির্বিশেষে, নীচের পরিস্থিতিসমূহের ক্ষেত্রে ***DCA নতুন আবেদন গ্রহণ করবে*** যেখানে একই শ্রেণীতে একই ঠিকানায় একটি বর্তমান, সক্রিয় লাইসেন্স রয়েছে এবং *নতুন কোন ব্যবসা সেটি বিক্রি হওয়ার 30 দিনের মধ্যে নতুন লাইসেন্সের জন্য আবেদন করেছে।*
  - কোন ব্যক্তি বা ব্যবসার থেকে পাওয়া আবেদন যার লাইসেন্স কর্পোরেশন, অংশীদারিত্ব অথবা LLC-এর *মালিকানা বদলের* কারণে বাতিল হয়ে যাবে।
- এই সীমা নির্বিশেষে, DCA খুচরো তামাকের ডিলারদের ও খুচরো বৈদ্যুতিন সিগারেট ডিলারদের থেকে ***পুনর্নবীকরণের আবেদন গ্রহণ করবে***।

## লাইসেন্স দেওয়ার কেন্দ্রগুলির স্থান

**DCA Licensing Center**
**(DCA লাইসেন্সিং সেন্টার)**

42 Broadway, Lobby
New York, NY 10004
সোমবার থেকে শুক্রবার: সকাল 9:00টা – বিকেল 5:00টা
বুধবার: সকাল 8:30টা – বিকেল 5:00টা

**NYC Small Business Support Center**
**(NYC ক্ষুদ্র ব্যবসা সহায়তা কেন্দ্র)**

90-27 Sutphin Blvd, 4th Floor
Jamaica, NY 11435
সোমবার থেকে শুক্রবার: সকাল 9:00টা – বিকেল 5:00টা

NYC Office of the Mayor | **Consumer Affairs**
Lorelei Salas
Commissioner

*সমৃদ্ধিশালী সম্প্রদায় তৈরি করতে নিউইয়র্কবাসীদেরকে NYC উপভোক্তা বিষয়ক দপ্তর (NYC Department of Consumer Affairs, DCA) সুরক্ষা দেয় ও দৈনিক আর্থিক অবস্থার উন্নতি করে।*